# উপজেলা কৃষি ও সেচ কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী ঃ

স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী। তারিখ ঃ ১৭/০২/২০২২ সময়:- সকাল ১১.০০ ঘটিকা
সভাপতি ঃ মোসাঃ সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, গোদাগাড়ী, রাজশাহী।

সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত
আলোচ্য সূচীঃ

ক) চলতি রবি মৌসুমে বাদামী গাছ ফড়িং আক্রমন ও দমন প্রসঙ্গে।
খ) ৫০% ভর্তুকীতে রাইস ট্রান্সপ্লান্টার, রিপার, হারভেষ্টার সরবরাহ প্রসঙ্গে।
গ) বিবিধ ।

সভায় উপস্থিত সম্মানীত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। শুরুতেই তিনি বর্তমান কৃষিবান্ধব সরকারের অবদান ও বিশ্ব প্রেক্ষাপটে বাংলাদেশের সাফল্য তুলে ধরেন। তিনি উল্লেখ করেন দেশের উন্নয়নে কৃষক ও কৃষি বিভাগের ভূমিকা অপরিসীম।

সভায় উপজেলা কৃষি অফিসার, গোদাগাড়ী, রাজশাহী ও সদস্য সচিব, উপজেলা কৃষি বিষয়ক স্থায়ী কমিটি, জনাব শারমিন সুলতানা বিগত সভার কার্য বিবরনী উপস্থাপন করেন এবং তা সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

উপজেলা কৃষি অফিসার আলোচ্যসূচী অনুযায়ী আলোচনার বিষয় বস্তু উপস্থাপন করেন এবং সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ-

| কমিটির নাম | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি | ১। সভায় সদস্য সচিব জানান, গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে চলতি রবি মৌসুমে সারা দেশে নির্বিঘ্নে বোরো চাষ ও বোরো উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। বর্তমানে মাঠে ধানের অবস্থা ভালো। কিন্তু সাম্প্রতিক সময়ের আবহাওয়া ধানের জমিতে বাদামী গাছ ফড়িংয়ের আক্রমনের জন্য খুবই অনুকুল। ধানের জমিতে বাদামী গাছ ফড়িংয়ের আক্রমন হলে ৩-৫ দিনের মধ্যে সমস্ত জমির ধান শুকিয়ে পুড়ে যাওয়ার মত মনে হয়। এর ফলে ধানের ফলণ ১০০ ভাগ পর্যন্ত ক্ষতিগ্রস্ত হতে পারে। তাই এ পোকার আক্রমন দেখা দেয়ার সাথে সাথে দ্রুত প্রতিকারের ব্যবস্থা গহণ করতে হয়। ধানের দুই সারির মাঝে ফাড়িসহ ইউরিয়া সার কম ব্যবহার, জমি থেকে পানি সরিয়ে ফেলতে হবে ও অনুমোদিত কীটনাশক নির্দিষ্ট মাত্রায় স্প্রে করতে হবে।<br>২। সভায় সদস্য সচিব জানান, গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীনে খামার যান্ত্রীকরনের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সারা দেশে কৃষকদের মাঝে ৫০% ভর্তুকীতে কম্বাইন্ড হারভেষ্টর, রিপার ইত্যাদি বিতরণ কর্মসূচী হাতে নিয়েছে। এ ব্যাপারে অত্র উপজেলায় পর্যাপ্ত প্রচার প্রচারনা চালানো হয়েছে। এ এলাকায় কম্বাইন্ড হারভেষ্টর, রিপার ব্যবহারের সম্ভাবনা রয়েছে। | ১। এ ব্যাপারে কৃষকদের সচেতন করার জন্য নিয়মিত উঠোন বৈঠক ও আলোচনা সভা অব্যাহত রাখা ও স্থানীয় ভাবে ব্যাপক প্রচার চালানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্লক পর্যায়ে কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। এ ব্যাপারে আরও ব্যাপক প্রচার চালানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় জন প্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |

অত:পর সভাপতি মহোদয় কমিটির সকল সদস্যগনকে অত্র উপজেলার কৃষক তথা কৃষির উন্নয়নের লক্ষ্যে উপজেলা কৃষি অফিসারকে সহযোগিতাদানের আহবান জানিয়ে উপস্থিত সকল সদস্যগনকে ধন্যবাদ জ্ঞাপন করতঃ অদ্যকার সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৮/০৪/22
(মোসাঃ সুফিয়া খাতুন)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি
গোদাগাড়ী, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী।

স্মারক নং-১২.১৮.৮১৯৪.০৪১.৪০.৬০২.২২-১৪৮ তারিখ :- ১৭/০২/২০২২

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) ঃ-

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
২। উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
৩। চেয়ারম্যান, ০২নং মোহনপুর ইউপি ও সদস্য উপজেলা কৃষি ও সেচ কমিটি।
৪। চেয়ারম্যান, ০৬নং মোহনপুর ইউপি ও সদস্য উপজেলা কৃষি ও সেচ কমিটি।
৫। অফিস কপি।

১৭/০২/২২

(শারমিন সুলতানা)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
গোদাগাড়ী, রাজশাহী।

**১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ**

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোসা: সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি | সভাপতি | 26/08/22 |
| ০২ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোদাগাড়ী, ও সদস্য উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি, গোদাগড়ী, রাজশাহী | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, ০২নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, ও সদস্য উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি, গোদাগড়ী, রাজশাহী | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান, ০৬নং মাটিকাটা ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, ও সদস্য উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি, গোদাগড়ী, রাজশাহী | সদস্য | |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, গোদাগাড়ী, ও সদস্য সচিব উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি, গোদাগড়ী, রাজশাহী | সদস্য সচিব | |